NDP

# এনডিপি বার্তা

জানুয়ারি-মার্চ, ২০২৩। সংখ্যা ৩৫। বর্ষ ১৫

## সূ চি প ত্র

- এনডিপি-ডে ২০২৩ ১
- বিশ্ব খাদ্য কর্মসূচি'র কান্ট্রি ডিরেক্টর কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- ইআরসিসিপি প্রকল্পের অবহিতকরণ সভা
- সিইএমবি প্রকল্পের 'আন্তর্জাতিক নারী দিবস ২০২৩' ২
- সিডা ও এমজেএফ এর প্রতিনিধি কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন
- আলোকিত গ্রাম কর্মসূচির শিক্ষা উপকরণ বিতরণ ৩
- পিকেএসএফ'র অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক কাযক্রম পরিদর্শন
- টেকনিক্যাল ইনস্টিটিউট'র নতুন কোর্স উদ্বোধন ও সনদপত্র বিতরণ
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৪
- ব্রাজ প্রকল্পের অগ্রগতি ও করনীয় বিষয়ক সভা
- রেইজ প্রকল্পের ''ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা'' প্রশিক্ষণ
- এমএমএস-ফুল কেয়ার শীর্ষক ওরিয়েন্টেশন ৫
- সিবিএফ-ব্র্যাক ও এনডিপি এর চুক্তি স্বাক্ষর
- আশা প্রকল্পের আগামীর বাজেট: অংশীজনের প্রত্যাশা
- জানুয়ারী-মার্চ ২০২৩ যেসকল প্রকল্প শুরু বা শেষ হয়েছে ৬
- বিভিন্ন জেলায় শীতবস্ত্র বিতরণ
- কৈশোর কর্মসূচির 'মিনি ম্যারাথন'
- জেলা প্রাণি সম্পদ কর্তৃক আরএমটিপি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ৭
- আন্তর্জাতিক নারী দিবস-২০২৩
- নাটোরে সমৃদ্ধি কর্মসূচির ফ্রি স্বাস্থ্য ক্যাম্প
- এনডিপি ফিড এর রিটেইলার ও খামারি মিটিং ৮
- মা ও শিশু সহায়তা কর্মসূচির 'ইফ্রি-অবহিতকরণ সভা'
- এসইপি-ডেইরী প্রকল্পের ''জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৩''
- চাকলায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় চোখের ছানি অপারেশন ৯
- ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন
- ইআরসিসি প্রকল্পের ওয়াশ বিষয়ক কার্যক্রমের উদ্বোধন
- শিক্ষা সহায়তা কর্মসূচির 'মা সমাবেশ' ১০
- নির্বাহী পরিষদ কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- ডিএইচআরএনএস প্রকল্পের ত্রৈমাসিক সমন্বয় সভা
- প্রতিবন্ধিতা উন্নয়ন কর্মসূচির উদ্যোগে হুইল চেয়ার বিতরণ ১১
- এনডিপি'র জন্মদিনে কেক কর্তন ১২

## সম্পাদনা পরিষদ

**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

## এনডিপি-ডে ২০২৩




বক্তব্য দিচ্ছেন পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব, ড. নমিতা হালদার, এনডিসি।

সরকারের সহযোগী হিসেবে এনজিওর ভূমিকা অপরিসীম। এনডিপি সে ধারায় সরকারের সহযোগী হিসাবে গত ৩১ বছর ধরে কৃতিত্বের সাথে কাজ করে যাচ্ছে এবং পিকেএসএফ যেসব এনজিওর সাথে কাজ করে তাঁদের মধ্যে এনডিপি একটি এ ক্যাটাগরির সংগঠন বলে উল্লেখ করেন পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ড. নমিতা হালদার এনডিসি। দেশের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ৩২তম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। এসময় তিনি এনডিপির উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

দিনভর নানা আয়োজনের মধ্যদিয়ে ৭ জানুয়ারি ২০২৩, শনিবার সংস্থার প্রধান কার্যালয়ে এনডিপির ৩২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রতিষ্ঠা বার্ষিকীর কার্যক্রম জাতীয় পতাকা ও সংস্থার পতাকা উত্তোলনের মধ্যদিয়ে শুরু হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ড. নমিতা হালদার এনডিসি ও সংস্থার পতাকা উত্তোলন করেন সংস্থার চেয়ারম্যান আলেয়া আকতার বানু। এসময় জাতীয় সংগীত পরিবেশন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপি'র নির্বাহী পরিষদ এর চেয়ারপারসন আলেয়া আকতার বানু। আলোচনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। তিনি তার বক্তব্যে এনডিপির কার্যক্রম ও কর্মএলাকার সুবিধাভোগী জনগোষ্টির সংখ্যা ও ধরন উল্লেখ করে বলেন এনডিপি দূর্যোগ, কৃষি উন্নয়ন, আবাসন, শিক্ষা, স্বাস্থ্য, প্রবীনদের সহায়তা, নারী উন্নয়ন ও তৃণমূল মানুষের জীবনমান উন্নয়নে ভুমিকা রাখছে। তিনি জানান ১৯৯২ সালে প্রতিষ্ঠিত সংস্থাটি একসময় সিরাজগঞ্জ জেলায় কাজ শুরু করলেও বর্তমানে এর পরিধি দেশের ২০টি জেলায় সম্প্রসারিত।

অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা. মেরিনা সুলতানা, সমাজসেবা কার্যালয়েরে উপপরিচালক মো. তৌহিদুল ইসলাম, টিএমএসএস এর নির্বাহী পরিচালক অধ্যাপিকা ড. হোসনে আরা বেগম, প্ল্যান ইন্টারন্যাশনাল এর এ্যাক্টিং কান্ট্রি ডিরেক্টর এ.এফ.এম মঈন, বিশ্ব খাদ্য কর্মসূচি'র প্রোগ্রাম পলিসি অফিসার মো. আব্দুস সোবাহান, সুইচ কন্ট্যাক্ট এর সিনিয়র ব্যবস্থাপক ইয়াসির আরাফাত, এমজেএফ এর পরিচালক এস.এম. জুবায়ের আলী খান, কেয়ার বাংলাদেশ এর প্রোগ্রাম সমন্বয়কারী মো. রাকিবুল ইসলাম, দি এশিয়া ফাউন্ডেশন বাংলাদেশ এর কান্ট্রি রিপ্রেজেনটেটিফ কাজী ফয়সাল বিন সিরাজ, জাকস ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক নুরুল আমীন, সিরাজগঞ্জ প্রেসক্লাব এর সভাপতি হেলাল আহমেদ, কামারখন্দ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নূর নবী প্রধান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালকবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দ, স্থানীয় জনপ্রশাসনের কর্মকর্তাবৃন্দসহ গণমাধ্যাম কর্মীগণ। অনুষ্ঠানে তিনজন সমাজকর্মী ও এনডিপির সুবিধাভোগী ৩ জন সফল উদ্যোক্তাকে দুইটি ক্যাটাগরিতে সম্মাননা প্রদান করা হয়। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠান পরবর্তীতে প্রধান অতিথি জনাব ড. নমিতা হালদার, এনডিসি মহোদয় কামারখন্দ উপজেলার বাগবাড়ী গ্রামে এনডিপি'র স্বাস্থ্যসেবামূলক উদ্যোগে বাস্তবায়নকৃত নাসিমা-আলাউদ্দিন ডায়াগনস্টিক অ্যান্ড কনসালটেশন সেন্টারের শুভ উদ্বোধন করেন।

## বিশ্ব খাদ্য কর্মসূচি'র কান্ট্রি ডিরেক্টর কর্তৃক কার্যক্রম পরিদর্শন



উপকারভোগীর সাথে মতবিনিময় করছেন ডব্লিউএফপি প্রতিনিধি দল।

জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির অর্থায়নে বাস্তবায়িত দুইটি প্রকল্প/কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করেছেন সংস্থাটির কান্ট্রি ডিরেক্টরসহ একটি প্রতিনিধি দল। ০৬ ও ০৭ মার্চ, ২০২৩ সংস্থা কর্তৃক কুড়িগ্রাম জেলায় বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচি এবং ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। প্রতিনিধি দলকে চিলমারী নৌবন্দরে ফুল দিয়ে স্বাগত জানান চিলমারী উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাহবুবুর রহমান। এসময় প্রতিনিধি দল মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাওয়াইয়া/পথনাটকের মাধ্যমে কর্মসূচির প্রচার প্রচারনাসহ আওতাভূক্ত গর্ভবতী ও প্রসুতি মায়েদের সাথে কথা বলেন। একইসাথে ব্রাজ প্রকল্পের উদ্যোগে ব্রক্ষপুত্র নদের বালু চরে মিষ্টি কুমড়া চাষ এবং মাশরুম চাষ, হাইড্রোপনিক ফডার চাষ, ভার্মিকম্পোস্ট, গরু-ছাগল পালন ও কবুতর পালনসহ ইত্যাদি আয় বৃদ্ধিমূলক কার্যক্রম পরিদর্শন করেন এবং উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন, জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি'র (ডব্লিউএফপি) কান্ট্রি ডিরেক্টর মিঃ ডমিনিকো স্ক্যালপেল এবং খাদ্য ও কৃষি সংস্থার কান্ট্রি ডিরেক্টর মিঃ সিম্পসন রবার্ট। এছাড়াও উপস্থিত ছিলেন, অবসর প্রাপ্ত সচিব (দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়) হাফিজা খান, ডব্লিউএফপি'র ঢাকা ও রংপুর প্রতিনিধি বিথিকা বিশ্বাস ও মোঃ সাদেক আলীসহ বিশ্ব খাদ্য কর্মসূচি ও কৃষি সংস্থা (এফএও) এর উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

এনডিপি'র পক্ষে উপস্থিত ছিলেন পরিচালক (পিআরএম) ও কর্মসূচি ফোকাল পারসন ড. এবিএম সাজ্জাদ হোসেন, মা ও শিশু সহায়তা কর্মসূচি'র ব্যবস্থাপক তনুশ্রী মানজি, ব্রাজ প্রকল্পের ফিল্ড কো-অর্ডিনেটর কামরুল আহসান, বিজনেস ডেভেলপমেন্ট অফিসার মোঃ আবদুস ছালাম সরকারসহ অন্যান্য সহকর্মীবৃন্দ। প্রসঙ্গত, মা ও শিশু সহায়ত কর্মসূচি জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) এর অর্থায়নে বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক দেশের ৮টি বিভাগে বাস্তবায়িত হচ্ছে এবং যেখানে কারিগরি সহায়তা প্রদান করছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। পক্ষান্তরে কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা) এর আর্থিক ও বিশ্ব খাদ্য কর্মসূচি'র (ডব্লিউএফপি) কারিগরি সহযোগিতায় এনডিপি ২০২০ থেকে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার সাহেবের আলগা ও চিলমারী উপজেলার রানীগঞ্জ ও অষ্টমীর চর ইউনিয়নে বিল্ডিং রেজিলিয়েন্স টু এ্যচিভ জিরো হাঙ্গার (ব্রাজ) প্রকল্পটি বাস্তবায়ন করছে।

## ইআরসিসিপি প্রকল্পের অবহিতকরণ সভা



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত Enhance Resilience Capacity of the Climate-induced People (ERCCP) প্রকল্পের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রকল্পের উদ্দেশ্য, কর্ম এলাকা, উপকারভোগী নির্বাচনের মানদন্ড, কার্যক্রমসহ বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। এতে প্রকল্প সম্পর্কিত বিভিন্ন তথ্য উপস্থাপন করেন প্রকল্প ব্যবস্থাপক মোঃ জহুরুল ইসলাম।

বুধবার, ১৫ মার্চ, সিরাজগঞ্জ পৌরসভার হলরুমে আয়োজিত সভায় পৌরসভার সম্মানিত মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র-১ নুরুল হক, প্যানেল-৩ শিখা খাতুন, সিরাজগঞ্জ পৌরসভার প্রধান নির্বাহী এস.এম. রবীন শীষ, নির্বাহী প্রকৌশলী মো. আব্দুস ছালাম মিয়া, পৌর নির্বাহী কর্মকর্তা সিদ্দিকুর রহমান, সমাজ উন্নয়ন কর্মকর্তা এস. এম. শাহ আলম, সিরাজগঞ্জ সদর উপজেলার কৃষি অফিসার কৃষিবিদ মো. আনোয়ার সাদাত, সদর উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. মো.আলমগীর হোসেন প্রমুখ। উল্লেখ্য, প্রকল্পটি সিরাজগঞ্জ পৌরসভার ৯, ১৩ ও ১৪ নং ওয়ার্ডের ১২টি কমিউনিটিতে বাস্তবায়িত হবে। যার মোট উপকারভোগীর সংখ্যা ২,০০০ জন।

## সিইএমবি প্রকল্পের 'আন্তর্জাতিক নারী দিবস ২০২৩'



আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত শোভাযাত্রার অংশ বিশেষ।

প্ল্যান ইন্টারন্যাশনাল এর অর্থায়নে পরিচালিত বাংলাদেশে বাল্য বিবাহ প্রতিরোধ (সিইএমবি) প্রকল্পের আওতায় জয়পুরহাট ও পাবনা জেলা প্রশাসন এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে ০৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২৩ উদযাপিত হয়েছে। এ বছর আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল- ''ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন, জেন্ডার বৈষম্য করবে নিরসন''।

আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জেলা দুইটিতে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সংশ্লিষ্ট জেলার সংসদ সদস্য, জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপ পরিচালক-মহিলা বিষয়ক অধিদপ্তর, জনপ্রতিনিধি ও সাংবাদিকসহ সমাজের বিভিন্ন স্তরের নারী নেত্রী, যুব সমাজ ও সিএসও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বক্তাগণ আন্তজাতিক নারী দিবসের তাৎপর্য ও করণীয় সম্পর্কে গুরুত্ব সহকারে আলোকপাত করেন। বিশেষ করে নারীদের অধিকার বাস্তবায়ন, ক্ষমতায়নে সহযোগিতা প্রদান এবং নারীদের বিভিন্ন অর্জনগুলোকে স্বীকৃতি প্রদান করার জন্য সবাইকে আহবান জানানো হয়। শোভাযাত্রা ও আলোচনা সভায় প্রকল্পের বিভাগীয় ব্যবস্থাপক সাব্বির আহমেদ এবং জেলা সমন্বয়কারী শারমিন আকতার উপস্থিত ছিলেন।

## সিডা ও এমজেএফ এর প্রতিনিধি দল কর্তৃক কার্যক্রম পরিদর্শন

সুইডেন এ্যাম্বাসির অর্থায়নে এবং মানুষের জন্য ফাউন্ডেশন এর সার্বিক তত্বাবধানে বাস্তবায়িত জেন্ডার সহিংসতা ও প্রতিরোধ প্রকল্প (সিজিবিভি) এর কার্যক্রম পরিদর্শন করেন সুইডিস সিডা ও মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এর একটি প্রতিনিধি দল। ০৩ ও ০৪ জানুয়ারী, কার্যক্রম পরিদর্শনের লক্ষ্যে প্রতিনিধি দলটি সংস্থার প্রধান কার্যালয়ে উপস্থিত হন। এসময় তাদের ফুলেল শুভেচ্ছা জানান সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। একইসাথে সিরাজগঞ্জ জেলা প্রশাসনের পক্ষ হতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. রায়হান কবির ও কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মেরিনা সুলতানা উপস্থিত ছিলেন। অতপর সংস্থার প্রধান কার্যালয়ে নির্বাহী পরিচালক এর উপস্থিতিতে সংক্ষিপ্ত প্রজেক্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন সংস্থার পরিচালক (পিআরএম) এবিএম সাজ্জাদ হোসেন। প্রতিনিধি দল সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়া হরিপুর ইউনিয়নের আওতাভূক্ত অংশগ্রহণকারীর সাথে মতবিনিময় করেন এবং প্রকল্পের মাধ্যমে তারা কি ধরণের সুবিধা প্রাপ্ত হয়েছেন সে বিষয়ে বিস্তারিত জানেন। পরবর্তীতে পাইকপাড়া মডেল হাই স্কুলে বালিকাদের ফুটবল খেলা উপভোগ করেন। এসময় সুইডেন এ্যাম্বাসির হেড অফ ডেভেলপমেন্ট কো-অপারেশন মারিয়া স্ট্রিডসম্যান ও ডেভেলপমেন্ট কো-অপারেশন সেকশন এর সিনিয়র প্রোগ্রাম অফিসার মিসেস. রেহানা খান উপস্থিত ছিলেন। এছাড়াও মানুষের জন্য ফাউন্ডেশনের প্রোগ্রাম ডিরেক্টর বনশ্রী মিত্রা, প্রোগ্রাম ম্যানেজার সোমা দত্ত ও ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার মো. আহসানুল ওয়াহেদ উপস্থিত ছিলেন। পরিদর্শনে সার্বক্ষনিক উপস্থিত থেকে সহযোগিতা করেছেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার মাশুকাতে রাব্বি ও এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ আজাদ ইকবাল।



সুইডেন এ্যাম্বাসির হেড অফ ডেভেলপমেন্ট কো-অপারেশন মারিয়া স্ট্রিডসম্যানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন



নির্বাহী পরিচালক মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন কর্মসূচির কর্মকর্তাবৃন্দ।

জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)'র কারিগরি সহযোগিতায় বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। দেশের ৮টি বিভাগে বাস্তবায়ন সহযোগী সংস্থা হিসেবে কাজ করছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

কর্মসূচির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ২২ ফেব্রুয়ারি, এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান রংপুর জেলার গংগাচড়া উপজেলার আওতাধীন প্রকল্প অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি প্রকল্পের সকল ষ্টাফদের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি কর্মসূচির কার্যক্রম সম্পর্কে অবগত হন, একইসাথে কর্মকর্তাদের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন মুল্যবান দিক নির্দেশনা প্রদান করেন।

এসময় আরো উপস্থিত ছিলেন সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির সহকারী পরিচালক মোঃ সাইফুল ইসলাম, ম্যানেজার (এইচআর এন্ড এডমিন) নয়নী তালুকদার, ম্যানেজার (এফএন্ডএ) আরজু মুন ও ডেপুটি ম্যানেজার (ট্রেনিং) সোমা দাস।

## আলোকিত গ্রাম কর্মসূচি'র শিক্ষা উপকরণ বিতরণ

এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে কোমলমতি শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ স্কুল ব্যাগ বিতরণ করা হয়েছে। ২০ মার্চ, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ঝাঔল ইউনিয়নের আওতাধীন রিজিয়া মকছেদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের (১৬৮ জন) মাঝে এ বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়।

বিতরণ অনুষ্ঠানে রিজিয়া মকছেদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছাঃ সামছুনাহার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র উপপরিচালক ও এনডিপি ফিড এর মহাব্যবস্থাপক আবু নাইম মো. জুবায়ের খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য মো. আমিনুল ইসলাম খান, সিরাজগঞ্জ পিটিআই এর ইন্সট্রাক্টর মোঃ মহিদুল হসান, আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সাবেক সোনালী ব্যাংক কর্মকর্তা মো. হায়দার আলী খান, সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত হোসেন, সাবেক প্রধান শিক্ষক মো. আনোয়ার হোসেন খান। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিম ও সহকারী ম্যানেজার (আরএন্ডডি) মো. জানাফার ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল। বিতরণ কার্যক্রম পরবর্তীতে এনডিপি'র উপপরিচালক কর্মসূচির আওতায় বাস্তবায়িত টিউবওয়েল প্লাটফর্ম (২০টি) পরিদর্শন করেন এবং উপকারভোগীদের সাথে মত বিনিময় করেন।



শিশুদের হাতে স্কুল ব্যাগ তুলে দিচ্ছেন সংস্থার উপপরিচালক আবু নাইম মো. জুবায়ের খান।

## পিকেএসএফ'র অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক কার্যক্রম পরিদর্শন



কার্যক্রম পরিদর্শন করছেন পিকেএসএফ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-১ মো: ফজলুল কাদের।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় পরিচালিত দুটি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন সংস্থার অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক-১, মো: ফজলুল কাদের। ২২ জানুয়ারি, তিনি সিরাজগঞ্জ জেলার শাহ্জাদপুর ও বেলকুচি উপজেলায় বাস্তবায়িত সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-ডেইরী ও সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-তাঁত প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। এসময় তিনি এসইপি-ডেইরী প্রকল্পের আওতাধীন পোতাজিয়া ইউনিয়নের গরুর বাথান, গ্রামীন দুগ্ধ সংগ্রহ কেন্দ্র ও চিলিং সেন্টার পরিদর্শন করেন। একইসাথে বেলকুচি উপজেলার এসইপি-তাঁত প্রকল্পের আওতায় বাস্তবায়িত মিনি ইটিপি পরিদর্শন করেন। এসময় মিনি ইটিপি স্থাপনকারী হোসেন মোল্লা বলেন, আমার দীর্ঘ দিনের ইচ্ছা ছিল ইটিপি তৈরি করবো, কিন্তু অর্থ ও প্রযুক্তির অভাবে তা করতে পারিনি। এনডিপি-এসইপি (তাঁত) প্রকল্পের কারিগরি ও আর্থিক সহযোগিতার মাধ্যমে আমি অল্প খরচে মিনি-ইটিপি তৈরি করতে সক্ষম হয়েছি। এটি প্রকল্পের অন্যতম অর্জন বলে আখ্যায়িত করেন, পিকেএসএফ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। পরিদর্শন-কালে তিনি আওতাভূক্ত উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন এবং চলমান সমস্যা সমাধানে উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন এবং সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিশেষ করে শাহ্জাদপুর উপজেলায় প্রান্তিক খামারীর ব্যবসায়িক পরিবেশ ত্বরান্বিত করার লক্ষ্যে চিলিং সেন্টার তৈরির পরিকল্পনা প্রণয়ন করার নির্দেশ দেন। সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর সদয় উপস্থিতিতে সংস্থার পরিচালক (পিআরএম) এবিএম সাজ্জাদ হোসেন, পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মো. সাইফুল ইসলামসহ প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## টেকনিক্যাল ইনস্টিটিউট'র নতুন কোর্স উদ্বোধন ও সনদপত্র বিতরণ

এনডিপি'র সহযোগী প্রতিষ্ঠান 'এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট' এর উদ্যোগে ০৩ মাস মেয়াদী 'ইলেকট্রিক্যাল ইন্সটলেশান এন্ড মেনটেইন্যান্স' কোর্সের ২য় ব্যাচের উদ্বোধন এবং ০৩ মাস মেয়াদী 'কম্পিউটার অপারেশন কোর্স' এর ১ম ব্যাচের সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ০৫ মার্চ, পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এর সভাপতিত্বে সংস্থার প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কোর্স উদ্বোধন ও সনদপত্র বিতরণ করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট এর অধ্যক্ষ মো: সাখাওয়াত হোসেন খান এর সঞ্চালনায় নির্বাহী পরিচালক মহোদয় বলেন- 'ভবিষ্যতে বেকার যুবক যুবতীদের কর্মসংস্থান সৃষ্টিতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের কোন বিকল্প নেই। এ উদ্দেশ্যকে সামনে রেখেই এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট বিভিন্ন ধরনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের আয়োজন করছে। যেন বেকার যুবক যুবতীগণ এখান থেকে প্রশিক্ষণ গ্রহণ করে আত্ম কর্মসংস্থান তৈরি করতে পারে।' উল্লেখ্য ''প্রশিক্ষণ নিন, নিজের কর্ম-সংস্থান নিজেই তৈরি করুন'' প্রতিপাদ্যকে সামনে নিয়ে নভেম্বর ২০২২ থেকে তিনমাস মেয়াদী 'কম্পিউটার অপারেশন কোর্স' প্রশিক্ষণের কার্যক্রম শুরু হয়। এরই ধারাবাহিকতায় সফলভাবে কোর্স সম্পন্নকারী ১৩জন প্রশিক্ষণার্থীর মাঝে এই সনদপত্র বিতরণ করা হয়।


সার্টিফিকেট তুলে দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মহোদয়।

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

| ক্রঃ | বিবরণ | মার্চ ২০২৩ | ক্রঃ | বিবরণ | মার্চ ২০২৩ | ক্রঃ | বিবরণ | মার্চ ২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ১০৯ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ৭.৭৮ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২২০ |
| ২ | মোট সদস্য জন | ১,২৭,৩৪৮ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৭৯% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৫ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৪২৫১.৪৬ | ১১ | On Time Realization (OTR) | ৯৯.০৭% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৩৭৬০.৯৫ | ১২ | Liquidity Ratio | ৮.৭৮% | ২০ | কর্মীঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১০৫.৪৮ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৪৯০.৫১ | ১৩ | Port folio At Risk | ২.০০% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৮.৮৪ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ১৩৪.১২ | ১৪ | Delinquent Ratio | ১.৫৯% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১১২ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১৯৩.২২ | ১৫ | Debt : Equity | ১.৭৪:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮০.২৭% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:২৭৪ | | | |

## ব্রাজ প্রকল্পের অগ্রগতি ও করণীয় বিষয়ক সভা

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা) এর আর্থিক ও বিশ্ব খাদ্য কর্মসূচি'র (ডব্লিউএফপি) কারিগরি সহযোগিতায় পরিচালিত বিল্ডিং রেজিলিয়েন্স টু এ্যাচিভ জিরো হাঙ্গার (ব্রাজ) প্রকল্পের বর্তমান অগ্রগতি ও ভবিষ্যতে করণীয় বিষয়ক বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। ০১ মার্চ, ২০২৩ ডব্লিউএফপি'র হেড অফ সাব (রংপুর) বিথিকা বিশ্বাস এর উপস্থিতিতে কুড়িগ্রাম জেলা প্রশাসক কার্যালয়ে সভাটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম জেলার সুযোগ্য জেলা প্রশাসক মোঃ সাইদুল আরীফ।

মূলত আগামীতে কুড়িগ্রাম জেলায় দীর্ঘস্থায়ীভাবে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে সভার আয়োজন করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মিনহাজুল ইসলাম, ডব্লিউএফপি এর ব্রাজ প্রকল্পের ফোকাল পার্সন মোঃ সাদেক আলী, প্রকল্প সমন্বয়কারী কামরুল আহসান (এফসি) ও আবদুস ছালাম সরকার (বিডিও) এবং জিএনবি এর প্রতিনিধি জোসেফ হালদার (পিসি) ও রেজা ই রাব্বী হিমেল (বিডিও) উপস্থিত ছিলেন।



অগ্রগতি ও করণীয় বিষয়ক সভার অংশ বিশেষ।

সভা পরবর্তীতে জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক মহোদয়কে ফুলেল শুভেচ্ছা অন্তে নতুন বছরের ডায়রী ও মাশরুম উপহার দেওয়া হয়। একইসাথে জেলা প্রশাসক মহোদয় প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের প্রতিশ্রুতি প্রদান করেন।

## রেইজ প্রকল্পের "ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারবাহিকতা" প্রশিক্ষণ



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র উপপরিচালক
আবু নাইম মো. জুবায়ের খান।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত "রিকভারি এন্ড এ্যাড-ভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর ইমপ্লয়মেন্ট (রেইজ)" প্রকল্পের আওতায় "ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারবাহিকতা" শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়। ০৫ থেকে ০৭ মার্চ,২০২৩ তিন দিনব্যাপি প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন এনডিপি'র উপপরিচালক আবু নাইম মো. জুবায়ের খান। এসময় তিনি এনডিপি'র উন্নয়ন প্রকল্পের সাথে যুক্ত থেকে গৃহীত ক্ষুদ্র উদ্যোগের সফলতার জন্য আরও উদ্যোমী হওয়ার জন্য সকল উদ্যোক্তাদের আহ্বান জানান। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট জোনাল ম্যানেজার মো. ওমর ফারুক, রেইজ প্রকল্পের লাইফস্কীল অফিসার এহসান আহমেদ ও কেইস ম্যানেজমেন্ট অফিসার মো. হাবিবুর রহমান এবং প্রশিক্ষণ কার্যক্রমের সার্বিক সমন্বয় করেন শাখা ব্যবস্থাপক মো. রাশিদুল ইসলাম। জামতৈল শাখার প্রকল্পভুক্ত কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র উদ্যোক্তাগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে সভাপতিত্ব করেন রেইজ প্রকল্পের সমন্বয়কারী কৃষ্ণ দাস সাহা।

উল্লেখ্য, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচন করার লক্ষ্যে ১৯৯০ সালে বাংলাদেশ সরকার কর্তৃক পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) প্রতিষ্ঠিত হয়, যার সহযোগী সংস্থা হিসেবে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) ২০০৫ সাল থেকে নিয়মিতভাবে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এরই ধরাবাহিকতায় রেইজ প্রকল্পের মাধ্যমে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ ও বৈশ্বিক মন্দাবস্থায় শহর, উপশহরাঞ্চলের অনানুষ্ঠানিক খাতের ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসা অব্যাহত রাখার নিমিত্তে জুন ২০২২ হতে প্রকল্পটি বাস্তবায়ন করছে। যার মাধ্যমে সিরাজগঞ্জ, নাটোর, পাবনা এবং বগুড়া জেলার ১১ টি উপজেলার ৫০০ জন ঋণ গ্রহীতা সদস্য পর্যায়ক্রমে উক্ত প্রশিক্ষণের আওতায় আসবে। এ প্রশিক্ষণটি অংশগ্রহণকারীগণের ব্যবসায় উদ্যোগ, ঝুঁকি কমানোর কৌশল, ব্যবসায় ধারাবাহিকতা, আয়-ব্যয় হিসাব এবং ব্যবসা উন্নয়ন পরিকল্পনা বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে যা দেশের উৎপাদনশীলতা তথা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখতে সক্ষম হবে।

## এমএমএস-ফুল কেয়ার শীর্ষক ওরিয়েন্টেশন

স্যোসাল মার্কেটিং কোম্পানি (এসএমসি) এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আয়োজনে মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্ট (এমএমএস)-ফুল কেয়ার ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। এতে গর্ভবতী মায়েদের পরিচর্যা ও প্রসব পরবর্তী মায়ের পরিচর্যা নিয়ে আলোচনা করা হয়। ১২ জানুয়ারি, এনডিপি'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন এর উদ্বোধন করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় উপস্থিত ছিলেন এনডিপির পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, উপপরিচালক (প্রোগ্রাম) আবু নাইম মো. জুবায়ের খান, সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে.এম. শহিদুল ইসলাম, সিনিয়ার ম্যানেজার (এমআইএস) মো. আনোয়ার হোসেনসহ এনডিপির ১৪জন স্বাস্থ্য সহকারী। এসময় আরও উপস্থিত ছিলেন, এসএমসি বগুড়ার ডেপুটি ফিল্ড প্রোগ্রাম ম্যানেজার মশিউর রহমান, সিনিয়র প্রোগ্রাম এক্সিকিউটিভ (ট্রেনিং টিম)



সকলের উদ্দেশ্যে কথা বলছেন, এনডিপি'র নির্বাহী পরিচালক
মো. আলাউদ্দিন খান।

জিয়াউল হক, ট্রেনিং এক্সিকিউটিভ ডা. জুলফিকার ইবনে জাফর, প্রোগ্রাম এক্সিকিউটিভ (ট্রেনিং অ্যান্ড সার্ভিস ডেভেলপমেন্ট, সিরাজগঞ্জ) মো. মাহমুদুল বারী, এসএমসি সিরাজগঞ্জ এর প্রোগ্রাম অফিসার রজত কান্তি দেবনাথ। অনুষ্ঠানে মা ও শিশুর মৃত্যু নিয়ে আলোচনা করেন কাজীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা. মোমেনা পারভীন পারুল। মূলত এনডিপি কর্তৃক বাস্তবায়িত স্বাস্থ্যসেবা কর্মসূচির কার্যক্রমকে সমৃদ্ধ করতে এ আয়োজন করা হয়।

## সিবিএফ-ব্র্যাক ও এনডিপি এর চুক্তি স্বাক্ষর



এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান ও সিবিএফ-ব্র্যাক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আসিফ সালেহ।

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। ২৪ জানুয়ারি ঢাকাস্থ ব্র্যাক ইন এ চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়। এতে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এনডিপি'র পক্ষে স্বাক্ষর করেন সংস্থাটির প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান ও সিবিএফ এর পক্ষে স্বাক্ষর করেন সিবিএফ-ব্র্যাক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আসিফ সালেহ।

কেএফডাব্লিউ এর অর্থায়নে এনহান্স রেসিলেন্স টোয়ার্ডস কোভিড এন্ড কনসিকোয়েন্সস-ইআরসিসি প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ পৌরসভার ০৬ টি ওয়ার্ডের ১৭ টি স্লামে বসবাসকারি জনগোষ্টির জন্য কোভিড-১৯ থেকে সুরক্ষা জোরদার করতে বাস্তবায়ন করছে। একইসাথে কোভিড -১৯ এর প্রভাবে যে সকল পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের আয় ব্যায়ের পথ পুনঃপ্রতিষ্ঠা করার পাশাপাশি কোভিড-১৯ এর প্রভাবে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকি হ্রাস করতে প্রকল্পটি নিয়মিতভাবে কাজ করছে। ক্লাইমেট ব্রিজ ফান্ড হল একটি ট্রাস্ট তহবিল যা BRAC দ্বারা ২০১৯ সালের নভেম্বরে KFW এর মাধ্যমে জার্মানি সরকারের সহায়তায় প্রতিষ্ঠিত হয়। এই তহবিলটি জলবায়ু পরিবর্তনের ফলে বাস্তুচ্যুত বা বাস্তুচ্যুত হওয়ার ঝুঁকিতে থাকা মানুষের সহায়তা করার জন্য বাংলাদেশে নিবন্ধিত বেসরকারি সংস্থাগুলি দ্বারা বাস্তবায়িত হয়ে থাকে।

## আশা প্রকল্পের আগামীর বাজেট: অংশীজনের প্রত্যাশা



আগামীর বাজেট: অংশীজনের প্রত্যাশা অনুষ্ঠানের অংশ বিশেষ।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় বাস্তবায়িত আশা প্রকল্পের আওতায় শিক্ষা বাজেট বিষয়ক সংলাপ অনুষ্ঠিত হয়েছে। ০৬ মার্চ, এনডিপি'র সার্বিক সহযোগিতায় সিরাজগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রিজ সভা কক্ষে এ আয়োজন করা হয়। এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাস (সার্বিক) সিরাজগঞ্জ গনপতি রায়। এসময় মতবিনিময় সভার উদ্দেশ্য, শিক্ষার বাজেট কি, আয়ের উৎস, ব্যয়ের খাত, খাতওয়ারি বরাদ্দ বিভাজন (পরিচালনা বাজেট), শিক্ষা ও প্রযুক্তি খাতে প্রকৃত বরাদ্দ এবং শতকরা হার, শিক্ষা অধিকার অর্জনের জন্য জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার, শিক্ষা খাতে ২০২৫ পর্যন্ত অর্থায়ন চিত্র, বাজেট প্রণয়ন চক্র, পরবর্তী অর্থবছরের বাজেট প্রণয়নে শিক্ষাখাতে বিবেচ্য বিষয়সমূহ নিয়ে বিস্তারিত প্রেজেন্টেশন উপস্থাপন করেন এনডিপির উপপরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান।

সভায় সমাপনি পর্বে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়, বিশেষ অতিথি সহকারী কমিশনার (ভূমি) এস.এম রাকিবুল হাসান, জেলা শিক্ষা কর্মকর্তা কাজী সলিম উল্লাহ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আমিনুল ইসলাম মন্ডল, সহকারী পরিচালক জেলা সমাজসেবা মুহাম্মদ মতিয়ার রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা কামারখন্দ সন্ধ্যা রানী সাহা, দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক ইসমাইল হোসেন, সভাপতি সিরাজগঞ্জ প্রেস ক্লাব হেলাল আহমেদ প্রমুখ। অতিথি বৃন্দ এই কার্যক্রমের প্রশংসা করেন এবং শিক্ষার মানবৃদ্ধির জন্য বিভিন্ন পরামর্শ বা সুপারিশ তুলে ধরেন। সভা পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন এনডিপি'র প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।

## জানুয়ারি-মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Community-based Resilience, Women's Empowerment and Action (CREA) | মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) | সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার রাজাপুর ও বড়ধুল ইউনিয়ন। | মার্চ ০১, ২০২৩ থেকে জুন ৩০, ২০২৬ | জলবায়ু পরিবর্তন অভিঘাত মোকাবেলায় দরিদ্র নারী সম্প্রদায়ের নেতৃত্বের উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি ও সহনশীলতা বৃদ্ধি করা। |
| ২. | Food security for households most affected by the COVID-19 crisis in at-risk low-income urban areas | জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর আওতাধীন মিরপুর ও ভাষানটেক স্লাম। | মার্চ ১৫, ২০২৩ থেকে জুন ১৫, ২০২৩ | খাদ্য নিরাপত্তা বৃদ্ধি, অপুষ্টি কমানো এবং নারী ও শিশুদের সুস্থতার হার বৃদ্ধি করা। |

## বিভিন্ন জেলায় শীতবস্ত্র বিতরণ



কম্বল গ্রহণ করছেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গণপতি রায়।

দেশের বৃহত্তর উন্নয়নে সরকারের বিভিন্ন অঙ্গ-সংগঠনের পাশাপাশি বেসরকারী উন্নয়ন সংস্থা গুলোর ভূমিকা অপরিসীম। প্রাতিষ্ঠানিক বিভাজন থাকলেও সকলের উদ্দেশ্যই একই, সেটি হল জনকল্যাণ। এনডিপি এখন দেশের অন্যতম একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। ১৯৯২ সাল থেকে এনডিপি জনকল্যানে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। বর্তমানে দেশের প্রায় ২০টি জেলায় ৪০টির অধিক প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন করছে। সংস্থার নিজস্ব অর্থায়নের পাশাপাশি বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সহযোগিতায় প্রকল্প/কর্মসূচি গুলো বাস্তবায়িত হচ্ছে।

এনডিপি'র ধারাবাহিক এ কার্যক্রমের অংশ হিসেবে দেশের বিভিন্ন জেলায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। শৈতপ্রবাহে হতদরিদ্র মানুষের কষ্ট লাঘব করার উদ্দেশ্যে সংস্থার নির্বাহী পরিষদের জুরুরী সিদ্ধান্ত অনুযায়ী বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। সে অনুযায়ী সিরাজগঞ্জ জেলা প্রশাসনের নিকট ২০০টি, বগুড়া জেলা প্রশাসনের নিকট ১০০টি, জামালপুর জেলা প্রশাসনের নিকট ১০০টি, রংপুর জেলা প্রশাসনের নিকট ১০০টি, কুড়িগ্রাম জেলা প্রশাসনের নিকট ১০০টি, নাটোর জেলা প্রশাসনের নিকট ১০০টি, পাবনা জেলা প্রশাসনের নিকট ১০০টিসহ সিরাজগঞ্জ সদর উপজেলার কাওয়াকোলা ইউনিয়নে ২০০টি কম্বল বিতরণ করা হয়। এছাড়াও বিভিন্ন প্রকল্প/কর্মসূচির উদ্যোগে শীতার্ত মানুষদের সহযোগিতা করা হয়েছে।

## কৈশোর কর্মসূচির 'মিনি ম্যারাথন'

"মেধা ও মননে সুন্দর আগামী" এই প্রতিপাদ্যকে সামনে রেখে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর যৌথ অর্থায়নে 'কৈশোর কর্মসূচি' ২০১৯ সাল হতে সিরাজগঞ্জ জেলার চারটি উপজেলায় (সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, বেলকুচি ও রায়গঞ্জ) বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচির ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে ২০ মার্চ ২০২৩, সিরাজগঞ্জ সদর উপজেলায় উৎসব মুখর পরিবেশে মিনি ম্যারাথন-২০২৩ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৩নং বহুলী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. ফরহাদ হোসেন সেখ। এসময় প্রধান অতিথি এরুপ কর্মসূচি গ্রহণ করার জন্য এনডিপিকে ধন্যবাদ জানান।



পুরস্কার তুলে দিচ্ছেন ৩নং বহুলী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. ফরহাদ হোসেন সেখ।

মিনি ম্যারাথনে সিরাজগঞ্জ সদর উপজেলার বিভিন্ন কিশোর-কিশোরী ক্লাবের শতাধিক কিশোর-কিশোরী অংশগ্রহণ করে। ম্যারাথন শেষে দুইটি গ্রুপে মোট ৬ জনকে পুরস্কৃত করা হয় এবং সকল অংশগ্রহণকারীদের সনদ প্রদান করা হয়। ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির সহকারী পরিচালক মো. সাইফুল ইসলাম, কৈশোর কর্মসূচির সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিম, শাখা ব্যবস্থাপক মো. রুবেল, উপজেলা প্রোগ্রাম অফিসার আরিফা সুলতানা, আনোয়ার হোসেন প্রমুখ।

## জেলা প্রাণি সম্পদ কর্তৃক আরএমটিপি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



কার্যক্রম পরিদর্শন করেছেন সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা গৌরাঙ্গ কুমার তালুকদার।

রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা গৌরাঙ্গ কুমার তালুকদার। একইসাথে তিনি প্রকল্পটির আওতায় "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" শীর্ষক ভ্যালুচেইন উন্নয়ন উপ প্রকল্পের অর্ন্তগত "পলিসি উন্নয়ন ও বিদ্যমান পলিসির উন্নয়ন বিষয়ক মাল্টি স্টেকহোল্ডার কমিটি"'র সভাপতি।

২৩ ফেব্রুয়ারি, ২০২৩ সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার রাজাপুর ও সদর উপজেলার কালিয়া হরিপুর ইউনিয়নের কান্দাপাড়া গ্রামের সাইলেজ প্রদর্শনী এবং ভার্মি কম্পোষ্ট সার উৎপাদন প্রদর্শনী পরিদর্শন করেন। এসময় তিনি উপস্থিত খামারিদের উদ্দেশ্যে প্রাণিকে সাইলেজ খাওয়ানোর উপকারিতা বর্ণনা করেন। তিনি আরো বলেন, নিরাপদ ফসল উৎপাদনে জৈব সারের কোন বিকল্প নাই। জৈব সার ব্যবহারে কৃষকদের আগ্রহ বাড়ানো সম্ভব হলে এই ধরনের উদ্যোগ বানিজ্যিকিকরণ সম্ভব। সবশেষে এই ধরনের কার্যক্রমের জন্য তিনি এনডিপি বাস্তবায়িত আরএমটিপি প্রকল্পকে ধন্যবাদ জানান এবং ৫টি উপজেলার প্রাণি সম্পদ মেলায় সাইলেজ এবং জিরো সাইজ খড়ের স্টল স্থাপনের পরামর্শ প্রদান করেন। পরিদর্শনকালে আরো উপস্থিত ছিলেন জেলা প্রশিক্ষণ কমকর্তা ডাঃ মো. হাবিবুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ মোঃ মাসুদ মন্ডল ও বিভিন্ন ইন্টারভেনশনের কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য প্রকল্পটি আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) এর আর্থিক সহযোগিতায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরী সহযোগিতায় বাস্তবায়িত হচ্ছে।

## আন্তর্জাতিক নারী দিবস-২০২৩



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

ন্যাশনাল ডেলেপমন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস-২০২৩ উদ্‌যাপন করা হয়েছে। ৮ মার্চ দিবসটি উপলক্ষ্যে এনডিপি কর্তৃক বাস্তবায়িত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির উদ্যোগে এ আয়োজন করা হয়। ০৯ মার্চ এনডিপি'র প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। শুরুতেই তিনি বলেন- "ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন, জেন্ডার বৈষম্য করবে নিরসন" প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের নারী দিবস-২০২৩ পালিত হচ্ছে। এসময় তিনি জেন্ডার সমতায় টেকসই উন্নয়নের কথা বলেন এবং শুধুমাত্র মুখে মুখে নয় বরং কর্মক্ষেত্রেও তা বাস্তবায়নের আহবান জানান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যে নারীদের নিয়ে কবিতা পাঠ করেন ব্যবস্থাপক (প্রশিক্ষণ) মো. সাখাওয়াত হোসেন খান। সংস্থার পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এবং পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায় নারী দিবসের ইতিহাস তুলে ধরেন। এছাড়াও বক্তব্য প্রদান করেন, পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, উপপরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান, উপপরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, সহকারী পরিচালক (এইচআর এন্ড এ্যাডমিন) সুমাইয়া মারিয়াম ও সিইএমবি প্রকল্পের বিভাগীয় ব্যবস্থাপক সাব্বির আহমেদ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহকারী ব্যবস্থাপক শাহরিয়ার আল মাহমুদ। অনুষ্ঠান পরিচালনা করেন সহকারী ব্যবস্থাপক (প্রশিক্ষণ) ও জেন্ডার ফোকাল পারসন সোমা দাস। এসময় সংস্থা কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্পের প্রধান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## নাটোরে সমৃদ্ধি কর্মসূচীর ফ্রি স্বাস্থ্য ক্যাম্প



নিয়মিত ফ্রি স্বাস্থ্য ক্যাম্পের অংশ বিশেষ।

নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নে বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ইউনিয়নের সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং পুষ্টি ঘাটতি পূরণ করে দরিদ্র অসহায় মানুষের আর্থিক ক্ষতি লাঘব করাই এ কার্যক্রমের মূল উদ্দেশ্য। ২১ মার্চ, ২০২৩ আয়োজিত ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৪ নং মশিন্দা ইউনিয়নের চেয়ারম্যান মো: আ: বারী। এসময় তিনি বলেন, এনডিপি আমার ইউনিয়নে সাধারণ মানুষের জন্য যে সকল কার্যক্রম বাস্তবায়ন করছে তার জন্য আমি চির কৃতজ্ঞ। একইসাথে ভবিষ্যতে বৃহৎ আকারে কর্মসূচি গ্রহণের জন্য সংস্থার উর্ধ্বতন কর্মকর্তার প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য মো. সেলিম হোসেন জাহাঙ্গীর (স্বপন)। এছাড়াও সুশীল সমাজের ব্যাক্তিবর্গ এবং সমৃদ্ধি প্রোগ্রামের সমন্বয়কারী মোঃ কছিম উদ্দিন, কাছিকাটা শাখা ব্যবস্থাপক মোঃ আঞ্জুমান, হিসাবরক্ষক সেলিম রেজাসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেন। ফ্রি ক্যাম্পের মাধ্যমে ইউনিয়নের সর্বমোট ১৭২ জনকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। এতে ৫৫ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করেন গুরুদাসপুর উপজেলা স্বাস্থ্যকেন্দ্রের গাইনী বিশেষজ্ঞ ডাক্তার শারমিন জাহান (লুনা), ৬২ জনকে মেডিসিন সংক্রান্ত সেবা প্রদান করেন মেডিসিন ডাক্তার মোঃ এস এম কামরুজ্জামান এবং ৫৫ জন রোগীকে হার্টের চিকিৎসা সেবা ও পরামর্শ প্রদান করেন হার্ট বিশেষজ্ঞ ডাক্তার আক্তারুজ্জামান (আশিক)। এছাড়াও প্রেসক্রিপশনের পাশাপাশি রোগীদের প্রয়োজনীয় ঔষধ বিনামূল্যে প্রদান করা হয়।
উল্লেখ্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পাবনা জেলার বেড়া উপজেলায় এবং নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় কর্মসূচিটি বাস্তবায়ন করে আসছে।

## এনডিপি ফিড এর রিটেইলার ও খামারি মিটিং


রিটেইলার ও খামারি সভার অংশ বিশেষ।

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সহযোগী সংস্থা এনডিপি ফিড এর রিটেইলার ও খামারি মিটিং অনুষ্ঠিত হয়েছে। মূলত প্রাণি খাদ্যের গুণগত মান বৃদ্ধি ও প্রান্তিক জনপদের খামারির নিকট নির্দিষ্ট সময়ে ফিড পৌছানো এবং সেবার মান বৃদ্ধি করতে এ আলোচনা সভার আয়োজন করা হয়। ২২ মার্চ, এনডিপি ফিড এর মহা ব্যবস্থাপক আবু নাইম মো. জুবায়ের খান এর নির্দেশনা অনুযায়ী সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার নাটুয়াপাড়া গ্রামে এ আয়োজন করা হয়। এনডিপি ফিড এর ব্যবস্থাপক জাহিদ সৌরভ এর সঞ্চালনায় উপস্থিত ছিলেন এনডিপি বাস্তবায়িত আরএমটিপি প্রোগ্রামের ডিভিএম ইমরান হোসেন। তিনি ফিডের গুণাগুন ও প্রাণি সম্পদ ব্যবস্থাপনার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আলোচনা করেন।
সভায় অত্র অঞ্চলের খুচরা বিক্রেতা, খামারি ও ব্যবসার সাথে সম্পৃক্ত সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। সভা পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন এনডিপি ফিড এর সেলস অফিসার মনিরুল ইসলাম, মীর সোহেল রানা, রফিকুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## মা ও শিশু সহায়তা কর্মসূচির 'ইফ্রি-অবহিতকরণ সভা'



বক্তব্য দিচ্ছেন উপজেলা নির্বাহী অফিসার নাহিদ তামান্না।

বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচী ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কারিগরি সহযোগিতায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নে মা ও শিশু সহায়তা কর্মসূচী দেশের ৮টি বিভাগে বাস্তবায়িত হচ্ছে। এরই ধারাবাহিকতায় মায়েদের পুষ্টির চাহিদা পূরণের জন্য আর্থিক সহায়তার পাশাপাশি পুষ্টিসমৃদ্ধ খাবার বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এলক্ষ্য বাস্তবায়নে ২৬ জানুয়ারি, গংগাচড়া উপজেলা পরিষদ হলরুমে মা ও শিশু সহায়তা কর্মসূচির গবেষণা কার্যক্রম বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। অবহিতকরণ সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার নাহিদ তামান্না। বক্তব্যে তিনি, কর্মসূচির এরুপ কার্যক্রমকে সাধুবাদ জানান এবং প্রকল্পের আওতা পরিধি আরো বিস্তৃত অঞ্চলে বাস্তবায়িত হওয়া প্রয়োজন বলে তিনি আখ্যায়িত করেন। ঢাকাস্থ মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক নুরুন্নেছা রেবা এর শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে মা ও শিশু সহায়তা কর্মসুচী সম্পর্কে উপস্থাপন করেন বিশ্ব খাদ্য কর্মসূচীর প্রকল্প সহকারী শাহীন সুলতানা ও ইফ্রির কার্যক্রম, লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে উপস্থাপন করেন ইফ্রি এর সিনিয়র প্রজেক্ট ম্যানেজার আকলিমা পারভীন। প্রেজেন্টেশনের পরবর্তীতে মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডাঃ আসিফ ফেরদৌস, উপজেলা সমাজসেবা অফিসার মো. মোসাদ্দেকুর রহমান, উপজেলা পরিষদ মহিলা চেয়ারম্যান মোছা. রাবেয়া খাতুন, উপপরিচালক (মহিলা বিষয়ক) কাওসার পারভীনসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও প্রিন্ট মিডিয়ার সদস্যবৃন্দ। সভা সঞ্চালনার ভূমিকায় ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মৌসুমী আখতার।

## এসইপি-ডেইরী প্রকল্পের ''জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৩''


বক্তব্য দিচ্ছেন প্রকল্পের লাইভস্টক অফিসার ডাঃ মোঃ তৌফিকুল হক।

সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)- ডেইরী প্রকল্পের উদ্যোগে "জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২৩" উদ্‌যাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে ০২ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার শাহজাদপুর উপজেলার 'পোতাজিয়া প্রাথমিক দুগ্ধ সমবায়' সমিতিতে আলোচনা সভা ও র‍্যালীর আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতি করেন পোতাজিয়া প্রাথমিক দুগ্ধ সমিতির চেয়ারম্যান মোঃ শহীদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পোতাজিয়া পরিবেশ ক্লাবের সভাপতি হাজী মোঃ আব্দুল মালেক। আলোচনা সভায় প্রকল্পের লাইভস্টক অফিসার ডাঃ মোঃ তৌফিকুল হক বলেন, জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২৩ সালের মূল প্রতিপাদ্য "নিরাপদ খাদ্য, সমৃদ্ধ জাতি, স্মার্ট বাংলাদেশ গড়ার চাবিকাঠি"। দুধ একটি নিরাপদ ও আদর্শ খাদ্য। নিরাপদ দুধ উৎপাদন করতে হলে গাভীর পরিবেশের উপর জোর দিতে হবে। নিয়মিত গবাদী প্রাণিকে কৃমিণাশক ও টিকা প্রদানের মাধ্যমে নিরোগ গাভী পালন করা সম্ভব। দুধ দোহনের পাত্র নিয়মিত গরম পানি দিয়ে পরিষ্কারের মাধ্যমেও দুধ নিরাপদ রাখা যায়। যারা দুধ দিয়ে পণ্য তৈরী করেন তাদের কারখানার পরিবেশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে বিশেষভাবে অনুরোধ করা হয়। প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মোঃ মাহমুদুর রহমান বলেন, দুধ উৎপাদনকারী খামারীদের নিরাপদ দুধ উৎপাদনের লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, বিনা মূল্যে গবাদী প্রাণির কৃমিনাশক ও টিকা প্রয়োগ, ঘাস চাষ, বর্জ্য ব্যবস্থাপনা, খাদ্য ব্যবস্থাপনা, নিয়মিত পরিবেশ ক্লাব মিটিং, উন্নত গোয়াল ঘর তৈরীর জন্য অনুদান প্রদান এবং দুধ দোহনের আগে ও পরে করনীয় বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নিরাপদ দুধ সংগ্রহের জন্য বিভিন্ন স্থানে ভিলেজ মিল্ক কালেকশন সেন্টার স্থাপন এবং দুধ সংগ্রহের জন্য দুধ সংগ্রহকারীদের গামবুট, এপ্রোন, হেয়ার নেট, মাস্ক এবং হ্যান্ড গ্লোভস বিতরণ করা হয়।

উল্লেখ্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় এনডিপি এসইপি-ডেইরী প্রকল্পের আওতায় "বাংলাদেশে যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা" প্রকল্পটি শাহজাদপুর এবং রায়গঞ্জ উপজেলায় বাস্তবায়ন হয়ে আসছে।

## চাকলায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় চোখের ছানি অপারেশন


ছানি অপারেশন ক্যাম্পের অংশ বিশেষ।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় চোখের ছানি অপারেশন সম্পন্ন হয়েছে। কর্মসূচির কর্ম-এলাকা পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়নের দরিদ্র বৃদ্ধ, প্রতিবন্ধী নারী ও পুরুষদের দৃষ্টি শক্তি হ্রাস পাওয়া ২৫ জন রোগীকে বিনা অর্থে ছানি অপারেশন করা হয়। পরিকল্পনা মোতাবেক ২৮ জানুয়ারি, ২০২৩ বেড়া সানিলায় বি.এন.এস.বি রওশনআরা- সাত্তার চক্ষু হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট ডা.মো.নাজমুল হক রোগীদের চোখের ছানী অপারেশন সম্পন্ন করেন।

ছানি অপারেশন ক্যাম্পে উপস্থিত ছিলেন চাকলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. ইদ্রিস আলী সরদার, কর্মসূচির সমন্বয়কারী চিন্ময় কুমার রায়, ঋণ সহায়তা কর্মসূচির এরিয়া ম্যানেজার মো. রেজাউল করিমসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য চাকলা ইউনিয়নে শতভাগ ছানী রোগীর অন্ধত্ব দূরীকরণে এ পর্যন্ত দৃষ্টি শক্তি হারানো ২০৫ জন রোগীর চক্ষু ছানী অপারেশন করা হয়েছে।

এনডিপি বার্তা
জানুয়ারি-মার্চ, ২০২৩। সংখ্যা ৩৫। বর্ষ ১৫

## ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন


মতবিনিময় সভায় উপস্থিত আছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

গ্রীণ ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার ০৪ টি (নয়ারহাট, চিলমারী, অষ্টমীরচর ও রমনা) ইউনিয়নে এবং চর রাজীবপুর উপজেলার ০১ টি (কোদালকাটি) ইউনিয়নে Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। যার মূল উদ্দেশ্য হলো- "বন্যাপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করা।"
২২ ও ২৩ ফেব্রুয়ারি, এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনের অংশ হিসেবে উক্ত অঞ্চলে এনডিপি কর্তৃক বাস্তবায়িত ইসিসিসিপি-ফ্লাড, ব্রাজ ও ঋণ সহায়তা কর্মসূচির উপকারভোগীদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। এসময় নির্বাহী পরিচালক মহোদয় সকল প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং নিজেদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করার পরামর্শ দেন। তিনি প্রকল্পের প্রতিটি কার্যক্রমের স্থিতিশীলতা বজায় রাখতে প্রকল্পের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা ও অংশগ্রহণকারীদের স্থানীয় অভিজ্ঞতাকে কাজে লাগানোর পরামর্শ দেন। প্রকল্পের কাঙ্খিত ফলাফল অর্জন নিশ্চিতকরণে স্থানীয় জনপ্রতিনিধি ও সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয়ের মাধ্যমে কাজ করার জন্য তিনি গুরুত্বারোপ করেন। অতপর তিনি ইসিসিসিপি-ফ্লাড প্রকল্প এলাকার অন্তর্গত চিলমারী উপজেলার নয়ারহাট ইউনিয়নের এনডিপি পাড়া ও গয়নার পটল গ্রামের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। সেখানে উপস্থিত সকলকে নিয়ে তিনি এনডিপি পাড়ায় একটি আম গাছের চারা রোপন করেন এবং প্রকল্পের অংশগ্রহণকারীদের সাথে মত বিনিময় করেন।
উক্ত পরিদর্শন দলে উপস্থিত ছিলেন ঋণ সহায়তা কর্মসূচির সহকারী পরিচালক মোঃ সাইফুল ইসলাম, ব্যবস্থাপক (এইচআর এন্ড এ্যাডমিন) নয়নী তালুকদার, ব্যবস্থাপক (ফাইন্যান্স এন্ড একাউন্টস) আরজু মুন, উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ বিভাগ) সোমা দাস, ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের সমন্বয়কারী মোঃ হাবিবুর রশিদসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## ইআরসিসি প্রকল্পের ওয়াশ বিষয়ক কার্যক্রমের উদ্বোধন

ইনহান্স রেজিলিয়েন্স টুওয়ার্ডস কোভিড এন্ড কনসিকুয়েন্স (ইআরসিসি) প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ পৌরসভার সরকারি ডাক বিভাগের অফিসের পাশে হ্যান্ডওয়াশিং ষ্টেশন নির্মান কাজের শুভ উদ্বোধন করেন সিরাজগঞ্জ পৌরসভার সুযোগ্য মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা। এসময় তিনি বাস্তবায়িত হ্যান্ডওয়াশিং ষ্টেশনের সঠিক ব্যবহার নিশ্চিতকরণে সকল ব্যবহারকারীর দৃষ্টি আকর্ষণ করেন। একইসাথে প্রকল্প বাস্তায়নকারী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)কে ধন্যবাদ জানান। উদ্বোধন অনুষ্ঠানে সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র ১, মো. নুরুল হক, সংরক্ষিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১,২,৩) স্বপ্না হাবিব, মো. হাছানুল হক মোল্লা ফাহিম (কাউন্সিলর ২নং ওয়ার্ড), মো. মামুনুর রসিদ (কাউন্সিলর ৫নং ওয়ার্ড)সহ সমাজ উন্নয়ন কর্মকর্তা মো. শাহ আলম ও সহকারী প্রকৌশলী মো. রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।
ধারাবাহিক এ কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভার ৬টি ওয়ার্ডের বিভিন্ন স্থানে ১২ টি নতুন টিউবওয়েল স্থাপন, ৪৩টি পুরাতন টিউবয়েল মেরামত, ৪টি নতুন হ্যান্ড ওয়াশিং ষ্টেশন নির্মাণ, ৪টি পুরাতন হ্যান্ড ওয়াশিং ষ্টেশন মেরামত, ২ টি ওয়াটার পয়েন্ট মেরামত সৌরশক্তির মাধ্যমে পরিচালিত একটি পানির পাম্প স্থাপন ও ২টি প্রাইমারি স্কুলের ৮টি ক্লাসরুম মেরামত করা হবে। উল্লেখ্য উন্নয়ন সহযোগী সংস্থা সিবিএফ এর আর্থিক সহায়তায় এবং ব্র্যাক ও ইউনাইটেড পারপাস এর কারিগরি সহযোগিতায় সিরাজগঞ্জ পৌরসভার ৬টি ওয়ার্ডের ১৭টি স্লামে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।


ওয়াশ কার্যক্রমের উদ্বোধন করছেন সিরাজগঞ্জ পৌরসভার সুযোগ্য মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা।

## শিক্ষা সহায়তা কর্মসুচির 'মা সমাবেশ'


নির্দেশনামূলক বক্তব্য প্রদান করছেন উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।

এনডিপি বাস্তবায়িত শিক্ষা সহায়তা কর্মসূচির উদ্যোগে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ২১ মার্চ, সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার শিক্ষা চর্চা কেন্দ্র-১৯ শাহ্পুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সমাবেশের আয়োজন করা হয়। এতে সভাপতি করেন শাহ্পুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের এসএমসির সহসভাপতি মোছাঃ শিখা খাতুন।। মা সমাবেশের গুরুত্ব ও উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। প্রসঙ্গত, এনডিপি সিএসআর ফান্ড কর্তৃক পরিচালিত শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় সিরাজগঞ্জ সদর উপজেলার ৯ টি, কামারখন্দ উপজেলার ৯টি এবং বেলকুচি উপজেলার ২টি সর্বমোট ২০ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা চর্চাকেন্দ্র বাস্তবায়ন করে আসছে। প্রতিটি শিক্ষা কেন্দ্রে একজন করে শিক্ষিকা নিয়োজিত রয়েছেন। যার মাধ্যমে ১ম ও ২য় শ্রেণিতে অধ্যয়নরত দরিদ্র পরিবারের ৮০০শ জন ছাত্র ছাত্রীদেরকে প্রতিদিন স্কুলের দেয়া পড়া তৈরি করে দেয়া হচ্ছে।

## নির্বাহী পরিষদ কর্তৃক কার্যক্রম পরিদর্শন




কর্মসূচির উপকারভোগীদের সাথে মতবিনিময় করছেন এনডিপি'র নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ।

এনডিপি বাস্তবায়িত বিভিন্ন কর্মসূচি/প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন সংস্থাটির নির্বাহী পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ। নির্বাহী পরিষদের সম্মানিত চেয়ারপারসন আলেয়া আখতার বানু ও পরিষদের সম্মানিত সাধারণ সম্পাদক ও এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খানসহ পরিষদের অন্যান্য সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

০৭ মার্চ, ২০২৩ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত সাস্টেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-ডেইরী, সমৃদ্ধি ও প্রবীণ কর্মসূচির বিভিন্ন কার্যক্রম প্রতিনিধি দল পরিদর্শন করেন। পরিদর্শনকালে আওতাভুক্ত উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন এবং কিভাবে প্রকল্প/কর্মসূচি হতে তারা সুবিধা গ্রহণ করছেন সে বিষয়ে অবগত হন। পরিদর্শন পরবর্তীতে প্রতিনিধি দল সন্তুষ্টি প্রকাশ করেন এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জানান।

## ডিএইচআরএনএস প্রকল্পের ত্রৈমাসিক সমন্বয় সভা

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের সহযোগিতায় ডিফেন্ডিং হিউম্যান রাইটস থ্রো নেটওয়ার্ক স্ট্রেন্দেনিং (ডিএইচআরএনএস) প্রজেক্টের আওতায় সিরাজগঞ্জ জেলার ৩০ জন হিউম্যান রাইটস ডিফেন্ডারসদের নিয়ে ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৪ ফেব্রুয়ারি, সিরাজগঞ্জ সদর উপজেলার আওতাধীন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির মাসুমপুর শাখা অফিস সভা কক্ষে সভার আয়োজন করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এনডিপি। এনডিপির নির্বাহী পরিচালক ও সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্ক এর কনভেনার মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর থানার অফিসার্স ইনচার্জ মোঃ হুমায়ুন কবির। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের স্টাফ ল'য়ার এ্যাডঃ নাসরিন সুলতানা।



বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ সদর থানার অফিসার্স ইনচার্জ মোঃ হুমায়ুন কবির।

এনডিপির উপপরিচালক (এমএন্ডই) এবং ডিএইচআরএনএস প্রজেক্টের সমন্বয়কারী কাজী মাসুদুজ্জামান এর সঞ্চালনায় নভেম্বর ২০২২ হতে জানুয়ারী ২০২৩ পর্যন্ত মানবাধিকার লঙ্ঘনজনিত সকল ঘটনার ফেক্ট ফাইন্ডিংস রিপোর্ট উপস্থাপন করা হয়। একইসাথে ২০১৯ সাল হতে এই পর্যন্ত ৮২ টি মামলার ফ্যাক্ট ফাইন্ডিংস উপস্থাপন এবং ২০২২ সালে ১৫ টি মামলার ফ্যাক্ট ফাইন্ডিংসের তথ্য উপস্থাপন করা হয়। সভায় সিরাজগঞ্জ প্রেস ক্লাব সভাপতি হেলাল আহমেদ, পরিচালক-পরিবর্তন আব্দুর রাজ্জাক রাজু, উপজেলা ভাইস চেয়ারম্যান রায়গঞ্জ ও নির্বাহী পরিচালক পিএনপি নিস্কৃতি দাস, উপ নির্বাহী পরিচালক আরচেস মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী পরিচালক এমএমইউএস শিরিন ফেরদৌসি, এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ প্রমূখ উপস্থিত ছিলেন।

## প্রতিবন্ধিতা উন্নয়ন কর্মসূচির উদ্যোগে হুইল চেয়ার বিতরণ



হুইল চেয়ার বিতরণের অংশ বিশেষ।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) নিজস্ব অর্থায়নে প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। কর্মসূচির উদ্যোগে এবং প্রফেসর এম,এ,মতিন মেমোরিয়াল বিএনএসবি বেজ আই হসপিটাল, সিরাজগঞ্জ জেলায় সমন্বিত চক্ষু সেবা কর্মসূচি নামক প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের সহযোগিতায় এবং সাইটসেভার্স এর অর্থায়নে দুই জন শারীরিক প্রতিবন্ধীকে হুইল চেয়ার প্রদান করা হয়।

উপকারভোগী দুজন সহায়ক উপকরণ পেয়ে অত্যন্ত খুশি হন। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএনএসবি হসপিটাল এর সাধারণ সম্পাদক এম. শামসুল হক, হেড অব ফিন্যান্স এন্ড এডমিন মোঃ আনছার আলী, প্রোগ্রাম কো-অর্ডিনেটর মির্জা আহমেদ আলী লিটন, উপব্যবস্থাপক এনডিপি প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচি শিপন চন্দ্র নাগ ও সাইটসেভার্স এর ইনক্লুশন অফিসার টি.এম.মাহমুদুল হাসান।

NDP

# এনডিপি বার্তা

জানুয়ারি-মার্চ, ২০২৩। সংখ্যা ৩৫। বর্ষ ১৫

## এনডিপি'র জন্মদিনে কেক কর্তন

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) আনন্দ মুখর পরিবেশে প্রতিষ্ঠার ৩২তম বছরে পদার্পনের অনুষ্ঠান উদযাপিত হয়েছে। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সংস্থার প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠান কেক কেটে উদ্বোধন করেন সিরাজগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (ডিডিএলজি) তোফাজ্জল হোসেন। এসময় উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এছাড়াও একই দিনে ১০৫টি শাখা কার্যালয়ে পৃথক পৃথক অনুষ্ঠানের মধ্য দিয়ে এনডিপির প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়।




কেক কর্তন করছেন অতিরিক্ত জেলা প্রশাসক (ডিডিএলজি) তোফাজ্জল হোসেন।

সংস্থার প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানের প্রধান অতিথি তার বক্তব্যে এনডিপি'র প্রশংসা করে বলেন, এনডিপি সরকারের সহযোগী হিসেবে তৃণমূল পর্যায়ে পিছিয়ে পড়া মানুষদের উন্নয়নে কাজ করছে। তিনি এসময় এনডিপির উত্তরোত্তর সফলতা সমৃদ্ধি কামনা করেন এবং এনডিপির প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খানকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কামারখন্দের উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা. মেরিনা সুলতানা। এছাড়াও আরও উপস্থিত ছিলেন সংস্থার চেয়ারপারসন আলেয়া আখতার বানু, সিরাজগঞ্জ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, এনডিপি'র নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ, সংস্থায় কর্মরত পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ।

উল্লেখ্য ১৯৯২ সালে এনডিপি দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নের লক্ষ্যে যাত্রা শুরু করে। ১৯৮৮ সালের ভয়াবহ বন্যা ও সিরাজগঞ্জে যমুনার ভয়াল ভাঙ্গনের বিরুপ প্রভাব উত্তর আঞ্চল তথা দেশের অর্থনীতির উপরও পরে। পাল্টে যায় ক্ষতিগ্রস্ত এলাকার মানুষের জীবন। শুরু হয় মানবেতর জীবনযাপন। বন্যার্ত ও নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের সহায়তা যথেষ্ট ছিল না। এসময় এনডিপি'র বর্তমান নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান উন্নয়ন সহযোগী সংস্থার সহযোগিতায় একদল স্থানীয় যুবক নিয়ে জরুরি ভিত্তিতে দূর্গতদের পুনর্বাসন কর্মকান্ডে স্বেচ্ছায় এগিয়ে আসেন।

যার ফলশ্রুতিতে একটি অলাভজনক অ-রাজনৈতিক স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা হিসেবে এনডিপি ১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রাতিষ্ঠানিকভাবে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার টেকসই উন্নয়নের যাত্রা শুরু করে। বর্তমানে ৭ লক্ষাধিক উপকারভোগী প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হচ্ছে এই সংস্থার মাধ্যমে।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

## খাবারের মূল্য তালিকা

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : | ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ৩০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৫৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪৫ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে। আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সাধারণ নন এসি কক্ষ | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬

ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট :www.ndpbd.org